# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬১৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে নববীতে সালাত আদায় করার চেয়ে মসজিদে হারামে সালাত আদায় করা একশ গুণ সাওয়াব বেশি

## ذِكْرُ فَضْلِ الصَّلَاةِ فِي الْمَسْجِدِ الْحَرَامِ عَلَى الصلاة في مسجد المدينة بمئة صلاة

আরবী

1618 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ بْنِ حِسَابٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ حَبِيبٍ الْمُعَلِّمِ عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صَلَاةٌ فِي مَسْجِدِي هَذَا أَفْضَلُ مِنْ أَلْفِ صَلَاةٍ فِيمَا سِوَاهُ إِلَّا الْمَسْجِدَ الْحَرَامَ وَصَلَاةٌ في ذاك أفضل من مئة صَلَاةٍ فِي هَذَا) يَعْنِي فِي مَسْجِدِ الْمَدِينَةِ

الراوي : عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1618 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (4/ 146).

বাংলা

১৬১৮. আব্দুল্লাহ বিন যুবাইর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আমার এই মাসজিদে সালাত আদায় করা অন্য কোন মাসজিদে সালাত করার চেয়ে এক হাজার গুণ সাওয়াব বেশি, তবে মাসজিদুল হারাম ব্যতীত। কেননা তাতে সালাত আদায় করা এই মসজিদে অর্থাৎ মদীনার মাসজিদে সালাত আদায় করার চেয়ে একশ গুণ সাওয়াব বেশি।”[1]

ফুটনোট

[1] তাহাবী, মুশকিলুল আসার: ১/২৪৬; মুসনাদ আহমাদ: ৪/৫; বাযযার: ৪২৫; সুনান বাইহাকী: ৫/২৪৬; আত তায়ালিসী: ১৩৬৭; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ৪/৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/১৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবনু-যুবায়র (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91212

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন